



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

‘মাদক ও সন্ত্রাস বিরোধী ছাত্র সমাবেশ ও কনসার্ট’ আয়োজনে প্রস্তুতিমূলক সভা  
অনুষ্ঠিত



শিক্ষার্থীসহ সমাজের সকলের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি), লালবাগ জোন-এর যৌথ উদ্যোগে আগামী ৫ মার্চ-২০১৮ (সোমবার) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ‘মাদক ও সন্ত্রাস বিরোধী ছাত্র সমাবেশ ও কনসার্ট’ আয়োজিত হতে যাচ্ছে।

এ উপলক্ষে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান নেতৃত্বে এক প্রস্তুতিমূলক সভা ১ মার্চ-২০১৮, বৃহস্পতিবার উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। এসময় ঢাকা মহানগর পুলিশ-এর উর্ধ্বতন কর্মকর্তা, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, সহকারী প্রক্টরবৃন্দ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আগামী ৫ মার্চ-২০১৮ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সভাপতিত্বে অনুষ্ঠিতব্য ‘মাদক ও সন্ত্রাস বিরোধী ছাত্র সমাবেশ ও কনসার্ট’-এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড মোহাম্মদ জাবেদ পাটোয়ারী।